



Vivekananda College

(W. B. Govt. Aided College)

NAAC ACCREDITED "A" GRADE INSTITUTION
(AFFILIATED UNDER WEST BENGAL STATE UNIVERSITY)



Ref. No.....

Date...12.07.2024

বিজ্ঞপ্তি

এতদ্বারা 2nd Semester [NEP 2020] Examination 2024 -এর নিরিখে প্রাক্ স্নাতক পাঠ পর্ষদের সমর্থনে অভ্যন্তরীণ মূল্যায়নের ক্ষেত্রে AE-2 (মেজর ও মাইনর) ছাত্র-ছাত্রীদের উদ্দেশ্যে জানানো যাচ্ছে যে, আগামী ০৬.০৮.২০২৪ তারিখে সকাল ১১ টা থেকে দুপুর ২ টা 'র মধ্যে ৩০ নম্বরের একটি প্রজেক্ট লিখিত আকারে জমা নেওয়া হবে। এবং জমা নেওয়ার সময় ওই নির্দিষ্ট দিনটিতেই অর্থাৎ ৬-ই আগস্ট একটি ১০ নম্বরের মৌখিক (Viva - Voce) পরীক্ষা নেওয়া হবে। উল্লেখিত নির্দিষ্ট দিনটি ছাড়া যেহেতু অন্য কোনো দিনে প্রজেক্ট জমা ও মৌখিক পরীক্ষা নেওয়ার ব্যবস্থা থাকছে না। অতএব, পরীক্ষাটির গুরুত্ব যথেষ্ট থাকবে। প্রাক্ স্নাতক পাঠ পর্ষদের নির্দেশিকা মেনে চূড়ান্ত পরীক্ষার ফলাফল মিলিয়ে মোট ৫০ নম্বরের মধ্যে (Project -30, Attendance-10 and Viva-Voce -10) প্রাপ্ত নম্বরটি বিশ্ববিদ্যালয় পৌঁছে দেওয়া হবে। এক্ষেত্রে ৩টি প্রশ্ন নোটিশটিতে ট্যাগ করে দেওয়া থাকছে, প্রতিটি প্রশ্নের মান ১০ নম্বরের রাখা হচ্ছে। এবং এক একটি প্রশ্নের উত্তরের জন্য শব্দ সংখ্যা ২৫০ থেকে ৩০০ এর মধ্যে রাখাটা আবশ্যিক হিসাবে গণ্য হবে। জমা দেওয়ার সময় অবশ্যই একটি কভার পেজ করে তার মধ্যে নিজের নাম, বর্তমান কলেজ রোল নং, রেজিস্ট্রেশন নাম্বার (আর অবশ্যই কভার পেজের সঙ্গে রেজিস্ট্রেশন নাম্বারের কপিটির একটি জেরক্স জমা নেওয়া হবে) লিখে জমা দেবে। এই প্রজেক্টটির ৩টি প্রশ্নই তোমাদের পাঠ্য বিষয় - "মুদ্রণ শিল্প ও প্রকাশনা" থেকে বোধ ও বিশ্লেষণ মূলক প্রশ্ন আকারে লিপিবদ্ধ করা থাকছে। এবং তোমাদের লিখিত বিষয়বস্তু থেকেই ১০ নম্বরের মৌখিক (Viva-Voce) প্রশ্নও উক্ত দিনে করা হবে।

- ১) গ্রন্থ সংশোধনের যেকোনো ১০টি চিহ্ন (সংকেত) অঙ্কন করে কোন কোন ক্ষেত্রে ব্যবহৃত হয় তা লিপিবদ্ধ করো। (১০)
- ২) বর্তমানের প্রেক্ষাপটে বাংলা মুদ্রণের ক্ষেত্রে কম্পিউটারে কম্পোজিং- এর বিষয়ে সংক্ষিপ্ত ধারণা দাও। (১০)
- ৩) কোনো একটি গ্রন্থ সম্পাদনার ক্ষেত্রে সম্পাদকের ভূমিকা নিয়ে একটি সংক্ষিপ্ত রচনা লেখো। (১০)

মাননীয় মেয়মদার
বাংলা ও সাহিত্য বিভাগ
বিবেকানন্দ কলেজ



Address: East Udayrajpur, Madhyamgram, North 24 Parganas, Kolkata-700129
Phone: (033) 2538 7392 Fax : (033) 2538 7392
Website: www.vivekanandacollegemmg.edu.in
E-mail: vivekanandacolg@gmail.com, vivekanandacollegemmg@gmail.com